

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৯৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

আরবী

وَعَنْ أَبِي ذَرِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا يَزَالُ اللَّهُ عَزَّ وَجَلَّ مُقْبِلًا عَلَى الْعَبْدِ وَهُوَ فِي صَلَاتِهِ مَا لَمْ يَلْتَفِتْ فَإِذَا الْتَفَتَ انْصَرَفَ عَنْهُ. رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ وَالدَّارِمِيُّ

বাংলা

৯৯৫-[১৮] আবৃ যার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন কোন বান্দা সালাতের মধ্যে থাকে, আল্লাহ তা'আলা তার সঙ্গে থাকেন, যতক্ষণ না সে এদিক-সেদিক দৃষ্টি ফেরায়। আর সে এদিক-সেদিক ন্যর করলে তিনি তার থেকে মুখ ফিরিয়ে নেন। (আহমাদ, আবৃ দাউদ, নাসায়ী, দারিমী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৯০৯, নাসায়ী ১১৯৫, আহমাদ ২৯৫০৪, সহীহ আত্ তারগীব ৫৫৪। কারণ এর সানাদে আবুল আহওয়াস নামে একজন দুর্বল রাবী রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'যতক্ষণ সে অন্য দিকে দৃষ্টি না ফেরায়' প্রসঙ্গে হাফিয ইবনু হাজার (রহঃ) বলেনঃ দৃষ্টি ফেরানো দ্বারা উদ্দেশ্য হল যতক্ষণ সে ক্বিবলার দিক থেকে তার বক্ষ ও ঘাড না ফেরায়।

"তার থেকে মুখ ফিরিয়ে নেন" অর্থাৎ তার থেকে রহমাত বিচ্ছিন্ন করে দেন। ইবনু মালিক (রহঃ) বলেনঃ তার সাওয়াব কমিয়ে দেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন